

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/২৭ নভেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৬৫-আইন/২০১৩—Explosives Act, 1884 (VI of 1884),
অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 18; section 5 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত
সমতাবলে সরকার গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর নিম্নরূপ অধিকতর
সংশোধনের প্রস্তাব এতদ্বারা প্রাক-প্রকাশিত করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৩ এর উপ-বিধি (২) এর—

(অ) দফা (ক) এ উল্লিখিত “৫,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “১০,০০০ (দশ
হাজার)” সংখ্যা, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এ উল্লিখিত “১,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “২,০০০ (দুই
হাজার)” সংখ্যা, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি ১৪ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, ডট,
বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে যথাক্রমে “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী
ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ৪৩ এ উল্লিখিত “১০০ (একশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৫০০
(পাঁচশত)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(১০৩৪১)

মূল্য ৪ টাকা ৪.০০

- (ঘ) তফসিল ৩ এর ক্রমিক নং ১ এর বিপরীতে ৪ নং কলামে—
- (অ) দফা (ক) তে উল্লিখিত “২,০০০” সংখ্যার পরিবর্তে “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) দফা (খ) তে উল্লিখিত “৩,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “৬,০০০ (ছয় হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ই) দফা (গ) তে উল্লিখিত “৪,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “৮,০০০ (আট হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) তফসিল ৩ এর ক্রমিক নং ২ এর বিপরীতে ৪ নং কলামে—
- (অ) দফা (ক) তে উল্লিখিত “১,০০০” সংখ্যার পরিবর্তে “২,০০০ (দুই হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) দফা (খ) তে উল্লিখিত “২,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “৪,০০০ (চার হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ই) দফা (গ) তে উল্লিখিত “৩,০০০” সংখ্যা ও কমার পরিবর্তে “৬,০০০ (ছয় হাজার)” সংখ্যা, কমা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

২। উপরি-উক্ত প্রস্তাবিত সংশোধনী দ্বারা ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত হইতে পারে এইরূপ সকল ব্যক্তির জ্ঞাতার্থে এই মর্মে নোটিশ প্রদান করা যাইতেছে যে, প্রস্তাবিত সংশোধনী গেজেট আকারে প্রাক-প্রকাশের তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত সংশোধনীর বিষয়ে কাহারও কোন পরামর্শ বা আপত্তি থাকিলে তিনি উহা নিম্নস্বাক্ষরকারীর বরাবরে লিখিতভাবে প্রেরণ করিতে পারিবেন এবং সরকার উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোস্তফা
অতিরিক্ত সচিব (প্রশাঃ/অপাঃ)।